দৈনিক সংবাদ

তারিখ 21 MAY 1987 … …
পৃষ্ঠা… … … … কলাম… …

৩১ (বৈশাখ) ১৩৯৪

C34

## শিক্ষাখাতে ব্যয় বরাদ্দ কমানো হবে না ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, শিক্ষাখাতে বর্তমান অর্থ বরাদ্দ ভবিষ্যতে কমানো হবে না।

মন্ত্রী গতকাল বুধবার সচিবালয়ে সরকারী ও বেসরকারী কলেজ শিক্ষক সমিতি এবং স্কুল শিক্ষক সমিতির প্রতিনিধিদের সাথে কথা বলছিলেন।

তিনি বলেন, সরকার বেসরকারী প্রতিষ্ঠানের শিক্ষকদের জন্য একটি কল্যাণ তহবিল গঠন এবং উচ্চপর্যায়ের শিক্ষাক্ষেত্রে দরিদ্র-মেধাবী ছাত্রদের জন্য শিক্ষা-ঋণ প্রবর্তনের কথা চিন্তা-ভাবনা করছেন। খবর বাসস'র।